সমকাল

তারিখ - 2 APR 2017
পৃষ্ঠা 8 ... কলাম ... 9

# জাবির ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগে শতভাগ ফেল

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের ৪৩তম আবর্তনের (২০১৩-১৪ শিক্ষাবর্ষ) দ্বিতীয় পর্বের চূড়ান্ত পরীক্ষায় শতভাগ শিক্ষার্থী অকৃতকার্য হয়েছেন। একই বিভাগের ৪২তম আবর্তনের (২০১২-১৩ শিক্ষাবর্ষ) তৃতীয় পর্বের চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য হয়েছেন মাত্র ৬.৬৭ শতাংশ শিক্ষার্থী। সম্প্রতি বিভাগটির প্রকাশিত ফলে এমনটি দেখা গেছে। ৪৩তম আবর্তনের শিক্ষার্থীদের সবাই সেডিমেন্টারি পেট্রোলজি (কোর্স নং জিএস-২০৪) কোর্সে এবং ৪২তম আবর্তনের শিক্ষার্থীদের বেশিরভাগই ইগনিয়াচ অ্যান্ড মেটামরফিক পেট্রোলজি (কোর্স নং জিএস-৩০৫) কোর্সের পরীক্ষায় অনুপস্থিত থাকায় সার্বিক ফলে এমনটি ঘটেছে।

জানা গেছে, ৪৩তম আবর্তনের ২০১৫ সালের দ্বিতীয় পর্বের চূড়ান্ত পরীক্ষার ওই কোর্সের জন্য পরীক্ষা কমিটি তারিখ নির্ধারণ করে গত বছরের ১৯ সেপ্টেম্বর। তবে একই দিনে ঈদুল আজহার ছুটি শেষে বিশ্ববিদ্যালয় খোলে। এর ফলে অন্তত চার শিক্ষার্থী যথাসময়ে আসতে ব্যর্থ হয়। এ জন্য শিক্ষার্থীরা পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক মো. এমদাদুল হকের সঙ্গে যোগাযোগ করে মানবিক দিক বিবেচনা করে তাকে পরীক্ষা পেছানোর জন্য অনুরোধ করেন। তবে তিনি সিদ্ধান্তে অটল থাকায় ওই ব্যাচের ৪৫ জন নিয়মিত শিক্ষার্থীর কেউই জিএস-২০৪নং কোর্সের পরীক্ষায় অংশ নেননি। ফলে ওই পরীক্ষায় সবাই অকৃতকার্য হন। এ ছাড়া পরীক্ষায় প্রস্তুতির জন্য পর্যাপ্ত সময় না পাওয়ায় ৪২তম আবর্তনের ২০১৫ সালের তৃতীয় পর্বের পরীক্ষায় জিএস-৩০৫নং কোর্সে ৩০ জন নিয়মিত শিক্ষার্থীর মধ্যে বেশিরভাগই অংশ নেননি। ওই কোর্সের পরীক্ষায় অংশগ্রহণকারী নিয়মিত পরীক্ষার্থীর মধ্যে দু'জন কৃতকার্য হয়েছেন।

এ বিষয়ে জানতে ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের সভাপতি সহযোগী অধ্যাপক মো. মাহফুজুল হকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি মন্তব্য করতে অস্বীকৃতি জানান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর